(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মেরিন ফিশারিজ একাডেমি
অধ্যক্ষ এর দপ্তর
মৎস্য বন্দর, চট্টগ্রাম
www.mfacademy.gov.bd

**নম্বর:** ৩৩.০৭.০০০০.০০০.০০১.২০.০০০২.২১.৩৮

তারিখ: ২৬ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
৯ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**নোটিশ**

বিষয়: **মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রামে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ৪৬তম ব্যাচে ক্যাডেট যোগদান প্রসেঙ্গ।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ, রবিবার অত্র একাডেমির ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ৪৬তম ব্যাচ বিএসসি (অনার্স) ইন মেরিটাইম স্টাডিজ (নটিক্যাল), বিএসসি ইন মেরিন ইঞ্জিনিয়ারিং এবং বিএসসি (অনার্স) ইন মেরিন ফিশারিজ বিভাগের নতুন ভর্তিকৃত ক্যাডেটগণ একাডেমিতে যোগদান করবে।** মেরিন ফিশারিজ একাডেমির ৪৬তম ব্যাচ ক্যাডেট হিসেবে একাডেমিতে যোগদানের জন্য ভর্তিকৃত ক্যাডেটদের আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২৬ সকাল ০৯:০০ ঘটিকার মধ্যে একাডেমির অডিটোরিয়ামে উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো।

২। সমন্বিত মেরিন ক্যাডেট ভর্তি প্রক্রিয়ার মাধ্যমে নটিক্যাল ও মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগে ভর্তিকৃত প্রার্থীদের একাডেমিতে যোগদানের সময় অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি, অগ্রণী ব্যাংক লিমিটেড, ইছানগর শাখা, চট্টগ্রাম বরাবর টাকা ২০,০০০/- (বিশ হাজার) টাকা পে-অর্ডার করতে হবে এবং পে-অর্ডারের মূল কপি একাডেমিতে জমা প্রদান করতে হবে।

৩। একাডেমিতে যোগদানের দিন পুরুষ ক্যাডেটদের সাদা ফুল শার্ট, কালো ফুল প্যান্ট ও কালো জুতা (অক্সফোর্ড সু) এবং নারী ক্যাডেটদের সাদা সালোয়ার, সাদা কামিজ, সাদা ওড়না ও কালো লেডিস স্যু পরিধান করতে হবে। এছাড়াও ভর্তির সময় একাডেমি হতে প্রদত্ত পোশাকের তালিকা অনুযায়ী সকল ক্যাডেটকে পোশাক আনার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

৪। ভর্তিকালীন যে সকল ক্যাডেট মূল সার্টিফিকেট, মার্কশীট, ইনডেমনিটি বন্ড, পে অর্ডার এবং অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র জমা প্রদান করতে ব্যর্থ হয়েছেন, তারা একাডেমিতে যোগদানের সময় উক্ত কাগজপত্রাদি জমা প্রদান করবে।

০৯-০২-২০২৬
ক্যাপ্টেন ফাইজ উদ্দিন আহমেদ, (এন),
বিসিজিএম, পিএসসি, বিএন
অধ্যক্ষ

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। সকল কর্মকর্তা, মেরিন ফিশারিজ একাডেমি।
২। ইন্সট্রাক্টর (মেরিন), উর্দ্ধতন ইন্সট্রাক্টর (মেরিন) এর দপ্তর, মেরিন ফিশারিজ একাডেমি।
৩। জুনিয়র ইন্সট্রাক্টর (রেডিও কমিউনিকেশন), উর্দ্ধতন ইন্সট্রাক্টর (নেভিগেশন) এর দপ্তর, মেরিন ফিশারিজ একাডেমি এবং
৪। নোটিশ বোর্ড (সকল)/ ওয়েব সাইট।